ইত্তেফাক

তারিখ ২৪।১২।৮২

পৃষ্ঠা ... ... কলাম ...

৫৫৫

## শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষ সমীপে

প্রাথমিক ও গণশিক্ষা মহা-পরিচালকের ভর্তির বিজ্ঞাপন যাহাতে পি,টি,আই-তে মহিলা প্রশিক্ষণার্থীদের মাসিক ১৫০·০০ টাকা বৃত্তি এবং এককালীন বই-খাতা এবং অন্যান্য শিক্ষা সরঞ্জাম ক্রয়ের জন্য প্রত্যেককে এককালীন ৫০০·০০ টাকা মঞ্জুরী প্রদানের ঘোষণা ছিল, সেই মোতাবেক আমরা যশোর পি,টি,আই-তে ভর্তি হইয়া প্রায় ৬ মাস প্রশিক্ষণ গ্রহণ করিয়া আসিতেছি। কিন্তু এখন যশোর পি, টি, আই কর্তৃপক্ষ ১৭০ জন মহিলার স্থলে মাত্র ৯৩ জন মহিলা প্রশিক্ষণার্থীকে মাসিক বৃত্তি প্রদানের জন্য মনোনীত করিয়াছেন এবং বাকী মহিলারা বৃত্তি পাইবে না বলিয়া জানাইয়া দিয়াছেন। আমরা বৃত্তির টাকা পাইব, এই আশায় ভর্তি হইয়া ছয় মাস ধার-কর্জ করিয়া চলিতেছি এবং খুবই আর্থিক অনটনে আছি। সরকারী স্পষ্ট ঘোষণা মোতাবেক যাহাতে সকল মহিলা প্রশিক্ষণার্থী মাসিক বৃত্তি এবং এককালীন মঞ্জুরীর ৫০০·০০ টাকা পাইতে পারি তাহার আশু সুব্যবস্থা করার জন্য মাননীয় মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি কামনা করিতেছি।

—আছমা খাতুন, প্রশিক্ষণার্থী, পি, টি, আই, যশোর।